
# সুখবরের কাহিনী পুস্তক দুই




এটা আমার সুখবরের কাহিনী পুস্তক দুই
আমার নাম

---

আমি আমার সুখবরের কাহিনী পুস্তক
দুই পড়তে পারি৷

এই কাহিনীগুলি সৃষ্টিকর্তা ঈশ্বরের পবিত্র পুস্তক থেকে নেওয়া হয়েছে৷
এই কাহিনী পুস্তকের সমস্ত ছবিগুলি ভারতের আদিবাসী বাচ্চাদের আঁকা৷
সুখবরের কাহিনী পুস্তক দুই৷ গ্রন্থস্বত্ব 2013 | ভারতে মুদ্রিত৷ অধিক জানতে হলে যোগাযোগ করুন:
WBTC India, P.O. Box 8478, Bangalore 560084. Email: info@wbtcindia.com




বিরাট, বিরাট, বিরাট ঝড়............................2-15
বিশেষ উপহার......................................16-32

# বিরাট, বিরাট, বিরাট ঝড়


আমাদের পুর্বপুরুষদের যুগে…

আমি অনেক লোককে দেখতে পাচ্ছি।

অনেক লোক সৃষ্টিকর্তা ঈশ্বরকে জানে না।







আমি একজন পুরুষকে দেখতে পাচ্ছি।
তাঁর নাম নোহ।

নোহ সৃষ্টিকর্তা ঈশ্বরের
উদ্দ্যেশে গান গাইছেন।

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি, ‘নোহ, এক বিরাট, বিরাট, বিরাট জাহাজ তৈরী করো।’

তাড়াতাড়ি করো, এক বিরাট ঝড় আসছে।







আমি তোমাকে, তোমার পরিবার এবং সমস্ত পশুদের উদ্ধার করব।


তাড়াতাড়ি করো, এক বিরাট ঝড় আসছে।

আমি নোহকে তৈরী করতে…তৈরী করতে…তৈরী করতে দেখতে পাচ্ছি।

তাড়াতাড়ি করো, এক বিরাট ঝড় আসছে।









আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি, ‘নোহ, তুমি ও তোমার পরিবার এবং সমস্ত পশুরা বিরাট, বিরাট, বিরাট জাহাজে প্রবেশ করো।

তাড়াতাড়ি করো, এক বিরাট ঝড় আসছে।



আমি নোহ, তাঁর পরিবার এবং সমস্ত পশুদের বিরাট, বিরাট, বিরাট জাহাজে প্রবেশ করতে দেখতে পাচ্ছি৷









জল উপরের দিকে
উঠছে...উঠছে...উঠছে

জমির উপর বন্যা...
বন্যা...বন্যা আসছে৷

ঐ বিরাট, বিরাট, বিরাট জাহাজে নোহ,
তাঁর পরিবার এবং সমস্ত পশুরা আরাম...
আরাম...আরাম করছে।







বিরাট ঝড় থামছে...থামছে...থামছে।


জল নীচে...নীচে...নীচে নেমে যাচ্ছে।



আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে
বলতে শুনতে পাচ্ছি,
‘নোহ, তুমি, তোমার পরিবার
এবং সমস্ত পশুরা
বিরাট, বিরাট, বিরাট জাহাজ
থেকে বেরিয়ে এসো।’









আমি নোহ, তাঁর পরিবার এবং সমস্ত
পশুদের বিরাট, বিরাট, বিরাট
জাহাজ থেকে বেরিয়ে
আসতে দেখতে পাচ্ছি।

আমি আকাশে চক্‌চক করা…
চক্‌চক করা…চক্‌চক করা এক রঙিন
ফিতে দেখতে পাচ্ছি।





আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে
পাচ্ছি, ‘আমি তোমাকে উদ্ধার করব।
তুমি আমাকে পাবে।’

সৃষ্টিকর্তা ঈশ্বর আসছেন।

# বিশেষ উপহার

অনেক বছর কেটে গেছে...

আমি একজন পুরুষকে দেখতে পাচ্ছি৷

তাঁর নাম অব্রাহাম৷





আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে
বলতে শুনতে পাচ্ছি,

‘অব্রাহাম, তোমার সন্তানদের দ্বারা,
আমি অনেক লোককে উদ্ধার করব৷’

আমি দেখতে পাচ্ছি অব্রাহামের এক স্ত্রী আছে৷

তাঁর নাম সারা৷

অব্রাহাম ও সারার কোন সন্তান ছিল না৷








আমি অব্রাহামকে বলতে শুনতে পাচ্ছি,

‘সৃষ্টিকর্তা ঈশ্বর যে কোন
কাজ করতে পারেন৷’

সারা ভুলে...ভুলে...ভুলে যাচ্ছেন

অব্রাহাম বলছেন,

‘সৃষ্টিকর্তা ঈশ্বর যে কোন
কাজ করতে পারেন|’







অনেক বছর কেটে গেছে|

সৃষ্টিকর্তা ঈশ্বর যে কোন
কাজ করতে পারেন|

আমি অব্রাহাম ও তাঁর স্ত্রী
সারাকে দেখতে পাচ্ছি।

ওঁদের এক পুত্র আছে।

তাঁর নাম ইস্‌হাক।

অব্রাহাম, সারা এবং ইস্‌হাক গান
গাইছেন...গাইছেন...গাইছেন।








আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে
বলতে শুনতে পাচ্ছি,


‘অব্রাহাম, তোমার পুত্রকে
আমার উদ্দ্যেশে বলি দাও।’

অব্রাহাম তাঁর পুত্র ইস্‌হাককে ভালোবাসতেন৷

ইস্‌হাক তাঁর বাবা অব্রাহামকে ভালোবাসতেন৷





তাঁরা একসাথে পাহাড়ের উপর দিকে আরও উপরে...আরও উপরে যাচ্ছিলেন৷

আমি ইস্হাককে বলতে শুনতে পাচ্ছি,

‘বাবা, সৃষ্টিকর্তা ঈশ্বরের
উদ্দ্যেশে বলি দেওয়ার
ভেড়া কোথায়?’





আমি অব্রাহামকে বলতে শুনতে পাচ্ছি,

‘সৃষ্টিকর্তা ঈশ্বর বলি
দেওয়ার ভেড়া দেবেন|’

অব্রাহাম বলছেন,

‘সৃষ্টিকর্তা ঈশ্বর যে কোন কাজ করতে পারেন৷’








আমি দেখতে পাচ্ছি ইস্‌হাক বেদির উপর উঠছেন৷

আমি দেখতে পাচ্ছি অব্রাহাম তাঁর ছোরাটা তুলছেন৷



অব্রাহাম বলছেন,

‘সৃষ্টিকর্তা ঈশ্বর যে কোন কাজ করতে পারেন|’









আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি,

‘অব্রাহাম, থামো!

আমি চাই ইস্‌হাক বেঁচে থাকবে|

আমি যে মেষ দিই,তা বলি দাও|’

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে
বলতে শুনতে পাচ্ছি,

‘অব্রাহাম, তোমার সন্তানদের দ্বারা, আমি
অনেক লোককে উদ্ধার করব৷’

সৃষ্টিকর্তা ঈশ্বর আসছেন৷

